ইরানের হামলায় ধ্বংস ৩০ কোটি ডলারের মার্কিন রাডার ব্যবস্থা



সংগৃহীত ছবি

উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্রের ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার গুরুত্বপূর্ণ একটি রাডার স্থাপনা ইরানের হামলায় ধ্বংস হয়েছে বলে জানা গেছে। প্রায় ৩০ কোটি ডলার মূল্যের এই রাডার নষ্ট হয়ে যাওয়ায় ভবিষ্যতে সম্ভাব্য হামলা প্রতিহত করার ক্ষেত্রে আঞ্চলিক প্রতিরক্ষা সক্ষমতা দুর্বল হতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।

মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে শনিবার প্রকাশিত এক প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে মার্কিন সংবাদমাধ্যম ব্লুমবার্গ। প্রতিবেদনে বলা হয়, স্যাটেলাইট চিত্র বিশ্লেষণ করে দেখা গেছে—যুদ্ধের শুরুর দিকেই জর্ডানের মুওয়াফফাক সালতি বিমানঘাঁটিতে অবস্থানরত যুক্তরাষ্ট্রের থাড ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ রাডার ধ্বংস হয়ে গেছে।

ওই রাডারটি আরটিএক্স করপোরেশনের তৈরি এএন/টিপিওয়াই–২ মডেলের, যা থাড প্রতিরক্ষা ব্যবস্থার সঙ্গে ব্যবহৃত হয়। রাডারের পাশাপাশি সংশ্লিষ্ট ব্যাটারি ও সহায়ক কিছু সরঞ্জামও হামলায় ক্ষতিগ্রস্ত হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। পরে যুক্তরাষ্ট্রের এক কর্মকর্তা এসব সরঞ্জাম ধ্বংস হওয়ার বিষয়টি নিশ্চিত করেন।

ব্লুমবার্গের প্রতিবেদনে আরও বলা হয়, বিশ্বজুড়ে বর্তমানে যুক্তরাষ্ট্রের মোট আটটি থাড ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা মোতায়েন রয়েছে। এর মধ্যে দক্ষিণ কোরিয়া ও গুয়ামেও এমন ব্যবস্থা স্থাপন করা হয়েছে। সেন্টার ফর স্ট্র্যাটেজিক অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজের তথ্য অনুযায়ী, একটি থাড ব্যাটারির মোট মূল্য প্রায় এক বিলিয়ন ডলার, যার মধ্যে কেবল রাডারটির মূল্যই প্রায় ৩০ কোটি ডলার।